# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১২১১

১৪/ ক্রয় বিক্রয় (كتاب البيوع عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ব্যবসায়ীদের মর্যদা আর নবী (ﷺ) কর্তৃক তাদের নামকরণ।

## باب مَا جَاءَ فِي التُّجَّارِ وَتَسْمِيَةِ النَّبِيِّ صلى الله عليه وسلم إِيَّاهُمْ

আরবী

حَدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ عَيَّاشٍ، عَنْ عَاصِمٍ، عَنْ أَبِي وَائِلٍ، عَنْ قَيْسِ بْنِ أَبِي غَرَزَةَ، قَالَ خَرَجَ عَلَيْنَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَنَحْنُ نُسَمَّى السَّمَاسِرَةَ فَقَالَ " يَا مَعْشَرَ التُّجَّارِ إِنَّ الشَّيْطَانَ وَالإِثْمَ يَحْضُرَانِ الْبَيْعَ فَشُوبُوا بَيْعَكُمْ بِالصَّدَقَةِ " . قَالَ وَفِي الْبَابِ عَنِ الْبَرَاءِ بْنِ عَازِبٍ وَرِفَاعَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ قَيْسِ بْنِ أَبِي غَرَزَةَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . رَوَاهُ مَنْصُورٌ وَالأَعْمَشُ وَحَبِيبُ بْنُ أَبِي ثَابِتٍ وَغَيْرُ وَاحِدٍ عَنْ أَبِي وَائِلٍ عَنْ قَيْسِ بْنِ أَبِي غَرَزَةَ . وَلاَ نَعْرِفُ لِقَيْسٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم غَيْرَ هَذَا .
حَدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، عَنِ الأَعْمَشِ، عَنْ شَقِيقِ بْنِ سَلَمَةَ، وَشَقِيقٌ، هُوَ أَبُو وَائِلٍ عَنْ قَيْسِ بْنِ أَبِي غَرَزَةَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوَهُ بِمَعْنَاهُ . قَالَ أَبُو عِيسَى وَهَذَا حَدِيثٌ صَحِيحٌ .

বাংলা

১২১১. হান্নাদ (রহঃ) ....... কায়স ইবনু আবী গারাযা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের কাছে বের হয়ে এলেন। আমাদের ব্যবসায়ীদের ’’সামাসিরা’’ (দালাল) নামে অভিহিত করা হত। (কিন্তু তিনি আমাদেরকে সুন্দর নামে অভিহিত করলেন), [আবূ দাঊদ] এবং তিনি বললেন, হে ব্যবসায়ী সমাজ, ব্যবসা ক্ষেত্রে শয়তান ও পাপ এসে সমুপস্থিত হয়। সুতরাং তোমরা তোমাদেরই ব্যবসায়ে সাদাকা জড়িত কর। - ইবনু মাজাহ ২১৪৫, তিরমিজী হাদিস নম্বরঃ ১২০৮ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে বারা ইবনু আযিব ও রিফাআ রাদিয়াল্লাহু আনহু থেকেও বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, কায়স ইবনু আবূ গারাযা রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-সাহীহ। মানসূর, আ’মাশ, হাবীব ইবনু আবী ছাবিত প্রমুখ এটিকে আবূ ওয়াঈশ-কায়স ইবনু আবূ গারাযা রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণনা করেছেন। এটি ছাড়া

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে কায়স রাদিয়াল্লাহু আনহু সূত্রে আর কোন হাদীস আছে বেল আমাদের জানা নাই। হান্নাদ (রহঃ)কায়স ইবনু আবূ গারাযা রাদিয়াল্লাহু আনহ থেকে উক্ত মর্মে অনুরূপ হাদীস বর্ণিত আছে। এই হাদীসটি সাহীহ।

## English

Abu Wa'il narrated that Qais bin Abi Gharazah said:
"The Messenger of Allah (S) came to us, and we were what was called 'brokers,' he said: 'O people of trade! Indeed the Shaitan and sin are present in the sale, so mix your sales with charity.'"

He said: There are narrations on this topic from Al-Bara' bin 'Azib and Rifa'ah.

[Abu 'Eisa said:] The Hadith of Qais bin Abi Gharazah (a narrator) is a Hasan Sahih Hadith.

Mansur, Al-A'mash, Habib bin Abi Thabit and others reported it from Abu Wa'il, from Qais bin Abi Gharzah, from the Prophet (ﷺ). We do not know of anything from the Prophet (ﷺ) narrated by Qais other than this.
(Another chain of narration) from Qais bin Abi Gharzah, from the Prophet (ﷺ), and it is similar in meaning, and there are narrations on this topic from Al-Bara' bin 'Azib and Rifa'ah.

[Abu 'Eisa said:
] This Hadith is Sahih.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ কায়স ইবন আবু গারাযা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=18403

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন